**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 30-04.2026** **Desk in Charge : S.D.G.**
**Time : 7-35 AM** **Edit. & Compile : Priya B.**
**DEO : KB** **NRT : Priya B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ৯২ দশমিক ৬/৭ শতাংশ ভোট পড়েছে।

**#** গণনা- চৌঠা মে। **#** বুথ ফেরত সমীক্ষায় মিশ্র ফলাফলের আভাস পাওয়া গেছে।

২/ রাজ্যে এবারের বিধানসভা নির্বাচন, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

৩/ আদর্শ আচরণবিধি জারির পর থেকে এ’পর্যন্ত রাজ্যজুড়ে বিপুল পরিমাণ অস্ত্র, বিস্ফোরক এবং নগদ উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন ।

৪/ দ্বিতীয় দফার ভোটের পরও রাজ্যে ৭০০ কোম্পানী CAPF মোতায়েন রাখা হচ্ছে।

৫/ ICSE দশম এবং ISC দ্বাদশ শ্রেণির মেইন পরীক্ষার ফল, আজ প্রকাশিত হবে।

৬/ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় গতরাত থেকে বৃষ্টির ফলে ঘর্মাক্ত অস্বস্তিকর গরম থেকে রেহাই মিলেছে।

**#** উত্তরবঙ্গের কয়েকটি জেলাতেও ভারী বৃষ্টির সতর্কতা।

*************************************************************************

রাজ্যে, বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ৯২ দশমিক ৬/৭ শতাংশ ভোট পড়েছে।

সর্বাধিক ভোট পড়েছে পূর্ব বর্ধমানে– ৯৩ দশমিক ৮/৩ শতাংশ। সবচেয়ে কম ৮৭ দশমিক ৮/৪ শতাংশ ভোট পড়েছে কলকাতা দক্ষিণে। দক্ষিণ ২৪ পরগণায় ৯৩ দশমিক ৪/৮, উত্তর ২৪ পরগণায় প্রায় ৯৩, হাওড়ায় ৯২ দশমিক ৫/৯, নদীয়ায় ৯২ শতাংশের কিছু বেশী, হুগলীতে প্রায় ৯২, কলকাতা উত্তরে- ৮৯ শতাংশের বেশী ভোট পড়ার খবর মিলেছে।

প্রথম দফা নির্বাচনে গত ২৩শে এপ্রিল রেকর্ড ৯৩ দশমিক ১/৯ শতাংশ ভোট পড়ে।

দ্বিতীয় দফায় প্রার্থী ছিলেন এক হাজার, ৪৪৮ জন। ভোটদাতার সংখ্যা- ৩' কোটি ২১ লক্ষ ৭৫ হাজারের বেশী। কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব ছিল, মোটের ওপর শান্তিপূর্ণ। ভোট গণনা চৌঠা মে ।

*************************

রাজ্যে দু-দফায় নির্বাচনী প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর এক্সিট পোল বা বুথ ফেরত সমীক্ষায় মিশ্র ফলাফলের আভাস পাওয়া গেছে। কয়েকটি সমীক্ষায় বিজেপির জয় এবং অন্য কয়েকটিতে তৃণমূল কংগ্রেসের জয়লাভের পূর্বাভাস দেওয়া হয়েছে।

বিজেপি ১৪০ থেকে ১৬০ এবং তৃণমূল কংগ্রেস ১২০ থেকে ১৪০টি আসন লাভ করতে পারে বলেও সমীক্ষায় প্রকাশ।

*************************

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচনে ভোটদান পর্ব অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। কলকাতায় সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই নির্বাচনে মৃত্যু বা বড়সর কোনো গন্ডগোল হয়নি। পাশাপাশি ভোট গ্রহণ কেন্দ্র থেকে কোনো রাজনৈতিক দলের পোলিং এজেন্টকে বের করে দেওয়া, বুথ জ্যামিং, ভয় দেখিয়ে ভোটদানে বাধা দেওয়ার মত কোনো ঘটনা'ও ঘটে নি। এজন্য তিনি সমস্ত রাজনৈতিক দল, ভোটের সঙ্গে সংশ্লিষ্ট কর্মী, নিরাপত্তা বাহিনী এবং ভোটদাতাদের অভিনন্দন জানিয়েছেন।

তবে, EVM মেশিনে আঠা ও টেপ লাগানোর সহ ৭৭ টি অভিযোগ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এসেছে, তার মধ্যে ২৩ টি **অভিযোগ যাচাই** করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন। ফলতায়-৩২ টি, মগরাহাটে- ১৩ টি, ডায়মন্ড হারবারে ২৯'টি এবং বজবজ থেকে ৩'টি অভিযোগ পেয়েছে কমিশন। তবে কতগুলি বুথে পুনর্নির্বাচন হবে, সেব্যাপারে সিদ্ধান্ত আজ নেওয়া হতে পারে বলে তিনি জানান। ( বাইট- মনোজ )

সাংবাদিক বৈঠকে উপস্থিতি রাজ্য পুলিশের **নোডাল অফিসার আনন্দ** কুমার জানান, গতকাল নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ১৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়াও, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে।

*************************

প্রবীণ বিজেপি নেতা, **প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার নির্বাচনেও মানুষ প্রথম দফার মতোই বিপুল সংখ্যায় তাঁদের ভোটাধিকার প্রয়োগ করছেন, যা গণতন্ত্রের জন্য ভালো লক্ষণ। গত ৬/৭ দশকে যা কল্পনাও করা যেতো না, এবার তা' বাস্তবায়িত হয়েছে। ভয়মুক্ত পরিবেশে ভোট দিয়েছেন মানুষ।

(বাইট- মোদী/ বাংলার ভোট )

মুখ্য নির্বাচন কমিশনার **জ্ঞানেশ কুমার** বলেছেন, স্বাধীনতার পর রাজ্যে এই ভোটদানের হার সবচেয়ে বেশি। এবারের নির্বাচনকে পশ্চিমবঙ্গের গর্ব বলেও অভিহিত করেন মুখ্য নির্বাচন কমিশনার। দু'দফা মিলিয়ে রাজ্যে ভোটদানের হার, রেকর্ড ছুয়েছে। এর আগে ২০১১-র বিধানসভা নির্বাচনে ৮৪ দশমিক ৭/২ শতাংশ ভোট পড়ে।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী, এবারের নির্বাচনে তৃণমূল কংগ্রেসই দুই-তৃতীয়াংশ সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে পুনরায় ফিরবে বলে প্রত্যয় ব্যক্ত করেছেন।

( বাইট- মমতা/ ভোট )

অন্যদিকে এই নির্বাচন পরিবর্তনের পক্ষে এবং তৃণমূল কংগ্রেসের পরাজয় নিশ্চিত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পাল্টা দাবি করেছেন।

( বাইট- শুভেন্দু )

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, SIR প্রক্রিয়ায় অনেকের নাম বাদ গেছে, ভোটাধিকার অর্জন করার জন্য গত চার মাস যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল তাতে ভোটের মূল্য অনেকে বুঝেছেন। অন্যান্য বারের তুলনায় এবারের ভোটদান প্রক্রিয়া অনেকটা শান্তিপূর্ণ।

( বাইট- সেলিম )

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, এবারের নির্বাচনে মানুষ স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করতে পেরেছেন।

( বাইট- অধীর )

**************************

আদর্শ আচরণবিধি জারির পর থেকে এ'পর্যন্ত রাজ্যজুড়ে বিপুল পরিমাণ অস্ত্র, বিস্ফোরক এবং নগদ টাকা উদ্ধার করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
এর মধ্যে ৩৯৭টি আগ্নেয়াস্ত্র, ৭১২টি কার্তুজ এবং ১০ হাজারের বেশী বোমা উদ্ধার হয়েছে। এছাড়া'ও ২২২ কেজির বেশী বিস্ফোরক বাজেয়াপ্ত করা হয়েছে। ২৬শে ফেব্রুয়ারি থেকে ২৮শে এপ্রিল রাত পর্যন্ত তল্লাশি চালিয়ে প্রায় ৩০ কোটি ৬৯ লক্ষ টাকা নগদ উদ্ধার হয়েছে। মদ ও মাদক দ্রব্য সহ সব মিলিয়ে এখনও পর্যন্ত ৫৩৯ কোটি ৭২ লক্ষ টাকারও বেশি মূল্যের সামগ্রী ও নগদ বাজেয়াপ্ত হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

**************************

দ্বিতীয় দফার ভোটের পরও রাজ্যে ৭০০ কোম্পানী কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী CAPF মোতায়েন রাখা হচ্ছে। নির্বাচন কমিশন গত ১৯শে মার্চ কেন্দ্রীয় বাহিনী নিয়ে বিজ্ঞপ্তি জারি করে। নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা রক্ষায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সিদ্ধান্ত বহাল থাকবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

**************************

**পূর্ব বর্ধমানের** আউশগ্রামে শাসক দলের হুমকির মুখে পড়ে বিজেপির পোলিং এজেন্টরা গতকাল বুথেই আটকে পড়েন বলে অভিযোগ উঠেছে। গুসকরা পুরসভার ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের একাধিক বুথে এজেন্টরা বাইরে বের হতে পারেননি। পরে অনেক

রাতে আউশগ্রাম বিধানসভার বিজেপি প্রার্থী বৃষ্টির মধ্যে বুথে বুথে ঘুরে পোলিং এজেন্টদের নিরাপদে বাইরে বের করে আনেন বলে জানা গেছে। যদিও এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্রে মঠেরদীঘি এলাকার ২৫৭ নম্বর বুথে বিজেপি কর্মী সমর্থকদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনায় অন্ততঃ পাঁচ জন বিজেপি কর্মী জখম হন। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। তাঁকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার প্রতিবাদে, অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিজেপি কর্মী-সমর্থকরা বারুইপুর পুলিশ সুপারের অফিসের সামনে গতরাতে ধর্নায় বসেন।

*************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "অষ্টাদশ বিধানসভা ভোট ও ভারতের নির্বাচন কমিশন" এই বিষয়ে সাংবাদিক অমল সরকারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

ICSE দশম শ্রেণি এবং ISC দ্বাদশ শ্রেণির মেইন পরীক্ষার ফল, আজ প্রকাশিত হবে। 'কাউন্সিল ফর দ্য ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশনস' কর্তৃপক্ষ জানিয়েছে, সকাল ১১ টায় ফলপ্রকাশের পর অনলাইনে রেজাল্ট দেখতে পারবেন ছাত্রছাত্রীরা। cisce.org এবং result.cisce.org ওয়েবসাইটে ও ডিজিলকার পোর্টালে ফলাফল দেখা যাবে। এবছর ICSE পরীক্ষা ১৭ ফেব্রুয়ারি থেকে ৩০ মার্চ পর্যন্ত চলে এবং ISC পরীক্ষা চলে, ১২ ফেব্রুয়ারি থেকে ৬ এপ্রিল পর্যন্ত।

*************************

বঙ্গোপসাগর থেকে স্থলভাগে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। গতসন্ধ্যার পর থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির ফলে রেহাই মিলেছে ঘর্মাক্ত অস্বস্তিকর গরম থেকেও।

কলকাতায় আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় ৫৪ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। শহরের বেশ কিছু রাস্তায় গতরাতে জল জমে যায় এবং দমকা হাওয়ায় গাছের ডাল ভেঙে পড়ে। এর ফলে ভোট শেষে কর্মীদের গন্তব্যস্থলে পৌঁছতেও অসুবিধার মধ্যে পড়তে হয়।

বৃষ্টির ফলে এক ধাক্কায় তাপমাত্রার পারদ অনেকটাই নেমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় ৬'ডিগ্রি কম।

আজ সকাল থেকে কলকাতা এবং দক্ষিণ ২৪ পরগনায় বিস্তীর্ণ অংশে বৃষ্টি শুরু হয়েছে। আগামী দুই থেকে তিন ঘণ্টায় কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব বর্ধমান ও নদীয়া জেলায় দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এদিকে আজ সারাদিনই উত্তর ২৪ পরগনা ও পূর্ব বর্ধমান জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলাতে অতি ভারী বৃষ্টি এবং দার্জিলিং কোচবিহার ও কালিম্পং জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা থাকায় মৎস্যজীবীদের রবিবার তেসরা মে পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

**********************************************************************